একই স্মারক ও তারিখের প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রধান প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা
www.eedmoe.gov.bd

স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.১৪.০৭১.২৩-১৪৪৫

তারিখ : ১১ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটি গঠন ও কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর শিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব প্রকল্পসমূহসহ আরও কতিপয় সংস্থার ডিপোজিট ওয়ার্ক ও প্রকল্পের কাজ বাস্তবায়ন করছে। বর্তমানে সর্বমোট ৩৮টি প্রকল্পের অবকাঠামো নির্মাণ ও আসবাবপত্র সরবরাহ কাজ অত্র অধিদপ্তরের মাধ্যমে সম্পন্ন হচ্ছে। অধিকাংশ প্রকল্পেরই মেয়াদকাল সমাপ্তির পথে।

২.০ বর্তমান সরকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দীর্ঘ লালিত স্বপ্নের "সোনার বাংলা" বাস্তবায়নের জন্য কর্মসূচি ও "রূপকল্প ২০৪১" গ্রহণ করেছে। এরই প্রেক্ষিতে পরিকল্পনা মন্ত্রণালয়ের সাধারণ অর্থনীতি বিভাগ (GED) "রূপকল্প ২০৪১" কে ধারণ করে বাংলাদেশের দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) প্রণয়ন করে যা গত ২৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (NEC) কর্তৃক অনুমোদিত হয়। "রূপকল্প ২০৪১" এর অভীষ্টসমূহ অর্জনে চারটি পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন করা হবে যার প্রথমটি অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে।

৩.০ সম্প্রতি (১২ জুন ২০২২) পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগ কর্তৃক সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়েছে। পরিপত্রের আলোকে দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি উন্নয়ন পরিকল্পনা, নীতি ও কৌশলের সাথে সঙ্গতি রেখে বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনা ২১০০, বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ এবং পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্যমাত্রা, জাতীয় টেকসই উন্নয়ন অভীষ্ট কৌশল ও জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ইত্যাদিসহ সরকারের অগ্রাধিকার ও দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থা বিবেচনায় প্রকল্প প্রণয়নের নির্দেশনা রয়েছে। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত লক্ষ্যসমূহ বাস্তবায়নের জন্যও প্রকল্প প্রণয়ন আবশ্যক।

৪.০ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরে প্রকল্প প্রণয়নে বর্তমানে কাঠামোবদ্ধ কোন ইউনিট/শাখা বিদ্যমান নেই। প্রকল্পসমূহ বিচ্ছিন্নভাবে প্রধান কার্যালয়ের বিদ্যমান ডেস্কসমূহ কর্তৃক প্রণীত হয়েছে। পাশাপাশি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরও প্রকল্প প্রণয়ন করে থাকে। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এ সকল প্রকল্পে অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোও নির্মাণ করে থাকে। সমজাতীয় প্রকল্পের ফলাফল বিবেচনা ও দ্বৈততা পরিহারের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার মধ্যে একটি সমন্বয় প্রয়োজন।

৫.০ এমতাবস্থায়, প্রকল্প প্রণয়ন কাজে সমন্বিত উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য দপ্তর/সংস্থাসমূহের সাথে নিবিড় যোগাযোগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের সর্বশেষ নীতিমালা/নির্দেশিকা অনুযায়ী উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১ | জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদার, প্রধান প্রকৌশলী | আহবায়ক |
| ০২ | জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ফোকাল পারসন |
| ০৩ | জনাব মোঃ আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী | সদস্য |
| ০৪ | জনাব মীর মুয়াজ্জেম হুসেন, নির্বাহী প্রকৌশলী | সদস্য |
| ০৫ | জনাব মোঃ মাহাবুবর রহমান, নির্বাহী প্রকৌশলী | সদস্য |
| ০৬ | জনাব অনন্ত কুমার ভৌমিক, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) | সদস্য |
| ০৭ | জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী প্রকৌশলী | সদস্য |
| ০৮ | জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী প্রকৌশলী | সদস্য |
| ০৯ | জনাব মোঃ নূর নবী মোস্তফা, সহকারী প্রকৌশলী | সদস্য |
| ১০ | জনাব মোঃ খালিদ হোসেন, সহকারী প্রকৌশলী | সদস্য |

চলমান পাতা/২

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১১ | জনাব মোহাম্মদ এমদাদুল হক, সহকারী প্রকৌশলী | সদস্য |
| ১২ | জনাব স্নেহলতা রায়, সহকারী প্রকৌশলী | সদস্য |
| ১৩ | জনাব মোঃ ইমরান হোসাইন খান, সহকারী প্রকৌশলী | সদস্য |
| ১৪ | জনাব ফারহানাজ ফারহীন, সহকারী স্থপতি | সদস্য |

৬.০ গঠিত কমিটি উপরোল্লিখিত দফাসমূহের আলোকে প্রধান প্রকৌশলীর সাথে আলোচনা সাপেক্ষে প্রকল্প প্রণয়ন ও এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করবেন।

স্বাক্ষরিত/-
(মোঃ দেলোয়ার হোসেন মজুমদার)
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জনাব সমীর কুমার রজক দাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০২. জনাব মোঃ আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৩. জনাব মীর মুয়াজ্জেম হুসেন, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৪. জনাব মোঃ মাহাবুবর রহমান, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৫. জনাব অনন্ত কুমার ভৌমিক, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৬. জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৭. জনাব মোঃ কামরুজ্জামান, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৮. জনাব মোঃ নূর নবী মোস্তফা, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৯. জনাব মোঃ খালিদ হোসেন, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১০. জনাব মোহাম্মদ এমদাদুল হক, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১১. জনাব স্নেহলতা রায়, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১২. জনাব মোঃ ইমরান হোসাইন খান, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৩. জনাব ফারহানাজ ফারহীন, সহকারী স্থপতি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.১৪.০৭১.২৩-১৪৪৫/১(১২)

তারিখ : ১১ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২, পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ...................... সার্কেল
০৬. নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/....................... জেলা
০৭. উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
০৮. প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১০. প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১১. প্রধান প্রকৌশলীর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১২. অফিস কপি।

২৬/০১/২০২৩
আসাদুজ্জামান
উপপরিচালক (প্রশাসন)